

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
প্রশাসন ও সংস্থাপন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.shed.gov.bd



তারিখ: ১০ই জুন ১৪২২  
২৫-০৬-২০২২

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০৭৮.১৮.২৩৭

### জনুরী বিজ্ঞপ্তি

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় প্রতিষ্ঠান প্রধানরা প্রধানমন্ত্রী ঘোষিত ডিজিটাল বাংলাদেশ গড়ার পথে অগ্রসর হয়ে দাঁড়িয়েছে। তাদের কারণে শিক্ষা মন্ত্রণালয়কে বিরতকর অবস্থায় পড়ার সম্ভাবনা দেখা দিয়েছে। এই সকল প্রতিষ্ঠান প্রধানদের ধারণা প্রতিষ্ঠানের কম্পিউটার সংশ্লিষ্ট সকল কাজ কম্পিউটার শিক্ষকের। তাই প্রতিষ্ঠানের অফিস সহকারী কাম হিসাব সহকারীর সকল কাজ তথা ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের শিক্ষককে দিয়ে করতে বাধ্য করা হচ্ছে, যা শ্রেণী পাঠদান কার্যক্রমকে ব্যাহত করছে। বর্তমান সরকার দেশকে ডিজিটাল বাংলাদেশে পরিণত করতে সকল শ্রেণিতে তথা ও যোগাযোগ প্রযুক্তিকে আবশ্যিক বিষয় হিসেবে ঘোষণা করেছে। তথা ও যোগাযোগ প্রযুক্তির শিক্ষককে তথা ও যোগাযোগ প্রযুক্তি বিষয় ছড়াও অন্যান্য বিষয়েও পাঠদান করতে হয়। প্রতিষ্ঠানের সকল শিক্ষক কর্মচারীর তথ্য প্রযুক্তি জ্ঞান না থাকলে শুধুমাত্র তথা ও যোগাযোগ প্রযুক্তির শিক্ষককে দিয়ে শিক্ষা ক্ষেত্রে ডিজিটাল বাংলাদেশে পরিণত করা সম্ভব নয়। তাই প্রত্যেক শিক্ষক কর্মচারী বিন্যাসের প্রযুক্তি সংশ্লিষ্ট নিজের কাজ নিজে করবেন। তথা ও যোগাযোগ প্রযুক্তি শিক্ষক পদমর্যাদায় অন্য সকল বিষয়ের সহকারী শিক্ষকের মত সহকারী শিক্ষক, কোন ভাবেই অফিস সহকারী নয়। তাই প্রতিষ্ঠান প্রধানগণকে নিম্নোক্ত নির্দেশাবলী পালনের জন্য অনুরোধ করা হলো।

- ১। প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠানে কর্মরত অফিস সহকারী কাম হিসাব সহকারীর মাধ্যমে যাবতীয় লেখালেখির কাজ, অনলাইন ভর্তি, রেজিস্ট্রেশন, ফরম ফিলাপ, বৃত্তি, উপবৃত্তির তথ্য আপলোড, প্রেরণ, পাবলিক পরীক্ষার রেজাল্ট সংক্রান্ত তথ্য সংরক্ষণ ও প্রেরণ, টি সি আদান প্রদান সহ সকল প্রশাসনিক কাজ সম্পন্ন করবেন।
- ২। প্রতিষ্ঠান প্রধান তথা ও যোগাযোগ প্রযুক্তি শিক্ষক/ এ বিষয়ে অভিজ্ঞ দুই জন শিক্ষকের সমন্বয়ে একটি কমিটির মাধ্যমে ওয়েব সাইটে প্রতিষ্ঠানের হালনাগাদ তথ্য আপলোড নিশ্চিত করবেন।
- ৩। অনলাইনে অত্যন্তরীণ পরীক্ষার ফলাফল বিষয় শিক্ষক ও শ্রেণী শিক্ষক আপলোড করবেন। অত্যন্তরীণ পরীক্ষার অন্য প্রশ্ন আপলোড স্ব স্ব বিষয় শিক্ষক করবেন ও ডাউনলোড প্রধান শিক্ষকের উপস্থিতিতে স্ব স্ব বিষয় শিক্ষকের মাধ্যমে করতে নিশ্চিত করবেন। প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে সহকারী প্রধান শিক্ষক এ কাজ করবেন।
- ৪। প্রতিষ্ঠানে বইয়ের তথ্য নথিভুক্তকরণ, আপলোড ও ডাউনলোড, প্রেরণ, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান শিক্ষকের মাধ্যমে সম্পন্ন করবেন।
- ৫। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির শিক্ষক মাস্টিনিডিয়া ট্রাস্টের পরিচালনা ও প্রত্যেক শিক্ষককে মাস্টিনিডিয়া ট্রাস্টের জন্য কনটেন্ট তৈরির প্রশিক্ষণ প্রদান করবেন। যাতে পরবর্তীতে সে নিজে কনটেন্ট তৈরি করে মাস্টিনিডিয়া ট্রাস্ট নিতে পারে।
- ৬। কম্পিউটার ল্যাব রক্ষণাবেক্ষণ ও পরিচ্ছন্নতা সংক্রান্ত কাজ ল্যাব সহকারীর মাধ্যমে সম্পন্ন করবেন।
- ৭। বিন্যাসের যাবতীয় তথ্য প্রেরণ সংক্রান্ত কাজ প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক নিজে করবেন। এক্ষেত্রে প্রয়োজনে অফিস সহকারী/শিক্ষকদের সহায়তা নিতে পারেন। প্রযুক্তি সংশ্লিষ্ট সকল কাজ করতে এককভাবে তথা ও যোগাযোগ প্রযুক্তির শিক্ষককে বাধ্য না করতে অনুরোধ করা হলো।

এমতাবস্থায় বাংলাদেশকে ডিজিটাল বাংলাদেশে পরিণত করতে প্রতিষ্ঠান প্রধানগণকে তথা প্রযুক্তি সম্পর্কে আরো ধারণা অর্জন তথা সকল শিক্ষককে তথা প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করণে উপরোক্ত নির্দেশনা মোতাবেক প্রশাসনিক কাজ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ-
- ১। চেয়ারম্যান মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)
  - ২। জেলা শিক্ষা অফিসার (সকল)
  - ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
  - ৪। সিস্টেম এনালিট (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

২৫-০৬-২০২২  
মোঃ নজরুল ইসলাম  
যুগ্মসচিব  
ফোনঃ ৯৫৪৬৬৭৯  
ই-মেইলঃ sas-admin@moedu.gov.bd